# মুজিব বর্ষকে সামনে রেখে ডিপিডিসি'র করণীয়/কর্ম-পরিকল্পনা বিষয়ক সভার কার্যবিবরণী।

১.০ সভাপতি : জনাব বিকাশ দেওয়ান

ব্যবস্থাপনা পরিচালক, ডিপিডিসি।

তারিখ : ১২ / ১১ / ২০১৯খ্রি.

সময় : সকাল ১১.০০ টায়

স্থান : ডিপিডিসি'র বোর্ড রুম

**সভায় উপস্থিত সদস্যবৃন্দ :**

০১। জনাব জয়ন্ত কুমার সিকদার, এক্সিকিউটিভ ডিরেক্টর (আডমিন এন্ড এইচ.আর), ডিপিডিসি।

০২। জনাব এ.টি.এম. হারুন-অর-রশিদ, এক্সিকিউটিভ ডিরেক্টর (অপারেশন্স), ডিপিডিসি।

০৩। জনাব গোলাম মোস্তফা, এক্সিকিউটিভ ডিরেক্টর (ফাইন্যান্স), ডিপিডিসি।

০৪। জনাব আমিনুল ইসলাম, জেনারেল ম্যানেজার (ফাইন্যান্স), ডিপিডিসি।

০৫। জনাব মোহাম্মদ হাসনাত চৌধুরী, জেনারেল ম্যানেজার (এইচ.আর), ডিপিডিসি।

০৬। জনাব ছরোয়ারে কায়নাত মোহাম্মদ নুর, প্রধান প্রকৌশলী (গ্রীড), ডিপিডিসি।

০৭। জনাব এস.এম. শহীদুল ইসলাম, প্রধান প্রকৌশলী (প্ল্যানিং এন্ড ডিজাইন), ডিপিডিসি।

০৮। জনাব সৈয়দ আশরাফ আলী, প্রধান প্রকৌশলী, এনওসিএস (নর্থ), ডিপিডিসি।

০৯। জনাব মোঃ আমিনুল ইসলাম, প্রধান প্রকৌশলী, এনওসিএস (সেন্ট্রাল), ডিপিডিসি।

১০। ডিপিডিসি'র তত্ত্বাবধায়ক প্রকৌশলী/ ডিজিএম বা সম-পর্যায়ের অন্যান্য এমপ্লয়ীগণ।

**২.০ আলোচ্যসূচি :**

সভাপতি সভায় উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতি ডিপিডিসিতে মুজিব বর্ষের গুরুত্ব, মন্ত্রণালয়ের নির্দেশনা এবং এ প্রেক্ষিতে ডিপিডিসি'র করণীয় নিয়ে সংক্ষিপ্ত আলোচনা করেন। অতঃপর নিম্নোক্ত বিষয়ের উপর আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্র নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | দায়িত্ব |
|---|---|---|---|---|
| ২.০১ | মুজিব বর্ষ উৎযাপন উপলক্ষ্যে বর্ষব্যাপী ডিপিডিসি'র কর্ম-পরিকল্পনা | জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশত বর্ষটি যেন একটি আদর্শ বর্ষ হিসেবে ডিপিডিসি উদযাপিত ও উপস্থাপিত করতে পারে সে লক্ষ্যে ডিপিডিসি'র করণীয় সম্পর্কে বিস্তারিত আলোচনা করা হয়। এ পরিপ্রেক্ষিতে, ডিপিডিসি কর্তৃক মন্ত্রনালয়ে প্রেরিত কর্ম-পরিকল্পনা ছাড়াও অতিরিক্ত অন্যান্য কার্যক্রম গ্রহণ ও তা বাস্তবায়নে ডিপিডিসিতে কর্মরত সকলের দায়িত্ব, কর্তব্য, করণীয় ও নিজস্ব কর্ম-পরিকল্পনা/মতামত ইত্যাদি নিয়ে বিস্তারিত আলোচনা হয়। অতঃপর ব্যবস্থাপনা পরিচালক মহোদয় মুজিব বর্ষ উপলক্ষ্যে নিম্নবর্ণিত কার্যক্রম গ্রহণের বিষয়ে সভায় আলোচনা করেন:<br><br>০১। মুজিব বর্ষ উদযাপন উপলক্ষ্যে যাবতীয় প্রস্তুতিমূলক কার্যক্রমসহ অন্যান্য কার্যক্রম ১লা | ২.০১ (ক)<br><br>মুজিব বর্ষ (২০২০) উপলক্ষ্যে এক্সিকিউটিভ ডিরেক্টর (আডমিন এন্ড এইচ.আর) কে আহ্বায়ক করে কমিটি গঠন করা হবে। কমিটি সভায় উপস্থাপিত ইনোভেটিভ আইডিয়াসমূহ এবং পরবর্তীতে দাখিলকৃত অন্যান্য আইডিয়া সমূহ যাচাই-বাছাই করে আইডিয়া/ প্রস্তাবনাসমূহ বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় পরামর্শ প্রদান ও পদক্ষেপ গ্রহণ করবেন।<br><br>ইনোভেটিভ কমিটি টি নিম্নবর্ণিত কর্মকর্তাগণের সমন্বয়ে গঠন করা হবে: | |

| ক্র নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | দায়িত্ব |
|---|---|---|---|---|
| | | জানুয়ারী থেকে শুরু করার বিষয়ে আলোচনা করা হয়।<br><br>০২। সভাপতি বলেন, নিত্য নতুন ইনোভেটিভ আইডিয়ার মাধ্যমে কর্মক্ষেত্রকে আরো গতিশীল ও জোরদার করতে হবে। এ ক্ষেত্রে প্রত্যেকটি অফিস নূন্যতম ০১ টি করে ইনোভাটিভ আইডিয়া প্রস্তাব করে তা ইনোভাটিভ কার্যক্রম বাছাই কমিটির (ইনোভেশন বিষয়ক বিশেষ কমিটি) কাছে প্রেরণ করবে। ইনোভেশন কমিটি তা বিস্তারিত পর্যালোচনা করে আইডিয়া/প্রস্তাবনার বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় পরামর্শ প্রদান ও কার্যক্রম গ্রহণ করবেন।<br><br>০৩। মুজিব বর্ষ উৎযাপন উপলক্ষ্যে রচনা প্রতিযোগিতা, সাংস্কৃতিক অনুষ্ঠান, কুইজ প্রতিযোগিতা ও খেলাধুলা, ব্লাড ডোনেশন ক্যাম্পেইন ইত্যাদি আয়োজন এর মাধ্যমে মুজিব বর্ষকে স্মরণীয় করে রাখার ব্যাপারে সভায় আলোচনা হয়।<br><br>০৪। ডিপিডিসি’র প্রধান কার্যালয়ে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্মরণার্থে একটি বঙ্গবন্ধু কর্ণার স্থাপনের বিষয়ে আলোচনা করা হয়।<br><br>০৫। ডিপিডিসি’র কিছু নির্দিষ্ট সাব-স্টেশন ও ফিডারকে নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সংযোগের আওতায় নিয়ে আসা ও এ ব্যাপারে প্রয়োজনীয় উদ্যেগ গ্রহণ করার পরামর্শ প্রদান করা হয় ।<br><br>০৬। কোয়ালিটি ম্যানেজমেন্ট সিস্টেম এর আওতায় ডিপিডিসি’র কতগুলো সাব-স্টেশন ও অফিসে 5s চালু করবে সে ব্যাপারে কর্ম-পরিকল্পনা ও উদ্যোগ গ্রহণ এর বিষয়ে আলোচনা করা হয়।<br><br>০৭। ডিপিডিসি’র সেবা প্রদান কার্যক্রমকে আরো বেশি উন্নত ও সম্প্রসারিত করতে হবে। শুধুমাত্র কেপিআই এর নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জন নয় বরং কেপিআই অতিরিক্ত লক্ষ্যমাত্রা অর্জনের ব্যাপারে সকলকে উদ্যোগি হওয়ার জন্য পরামর্শ প্রদান করা হয়।<br><br>০৮। দুর্নীতির বিরুদ্ধে জিরো টলারেন্সকে কার্যকর রূপে রূপদানের জন্য প্রয়োজনীয় কর্ম-পরিকল্পনা গ্রহণ এবং গ্রাহক হয়রানি বন্ধ | ০১। এক্সিকিউটিভ ডিরেক্টর (আডমিন এন্ড এইচ.আর)<br><br>০২। এক্সিকিউটিভ ডিরেক্টর (অপারেশন্স)<br><br>০৩। এক্সিকিউটিভ ডিরেক্টর (ফাইন্যান্স)<br><br>০৪। এক্সিকিউটিভ ডিরেক্টর (আইসিটি)<br><br>০৫। এক্সিকিউটিভ ডিরেক্টর (ইঞ্জিনিয়ারিং)<br><br>০৬। জেনারেল ম্যানেজার (আইসিটি)<br><br>০৭। চিফ ইঞ্জিনিয়ার (প্রকিউরমেন্ট এন্ড স্টোর)<br><br>২.০১ (খ)<br><br>মুজিব বর্ষ (২০২০) কে সামনে রেখে বিস্তারিত কর্ম-পরিকল্পনা প্রণয়নের লক্ষ্যে এতদসংক্রান্ত কমিটি সকলের মতামত/ পরামর্শ/ আইডিয়া সংগ্রহ ও বিশ্লেষণপূর্বক একটি পূর্ণাঙ্গ কর্ম-পরিকল্পনা প্রণয়ন করবেন। | |

| ক্র নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | দায়িত্ব |
|---|---|---|---|---|
| | | করার লক্ষ্যে প্রয়োজনীয় কর্ম-পরিকল্পনা গ্রহণ এর বিষয়ে নির্দেশনা প্রদান করা হয়।<br><br>০৯। দুর্নীতি রোধ এবং শুদ্ধাচার চর্চাকে উৎসাহিত করার লক্ষ্যে দুর্নীতি বিরোধী এবং শুদ্ধাচার চর্চার উপর বিভিন্ন পোস্টার, লিফলেট ব্যানার ইত্যাদি তৈরি করে প্রচারণা চালানো জন্য পরামর্শ প্রদান করা হয়।<br><br>১০। বিদ্যুৎ সাশ্রয় ও বৈদ্যুতিক দুর্ঘটনা রোধ ইত্যাদি সম্পর্কে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে ডিপিডিসি'র আওতাধীন স্কুল/কলেজ গুলোতে সচেতনতামুলক বিভিন্ন প্রোগ্রাম এর আয়োজন করার ব্যাপারে আলোচনা হয়।<br><br>১১। গ্রাহক সমাবেশের মাধ্যমে বিদ্যুৎ ব্যবহারে সাশ্রয় ও সাশ্রয়ী বিদ্যুৎ ইকুইপমেন্ট সম্পর্কে আলোচনার আয়োজনের বিষয়ে পরামর্শ প্রদান করা হয়।<br><br>১২। গ্রাহকদের বিদ্যুৎ বিলের নিচে সচেতনতামুলক বিভিন্ন স্লোগান/পরামর্শ এবং বিলের সাথে বিদ্যুৎ সাশ্রয়ী ও বৈদ্যুতিক দুর্ঘটনা রোধ বিষয়ক বিভিন্ন পরামর্শ সম্বলিত লিফলেট/ভাজ প্রদান করার বিষয়ে আলোচনা করা হয়।<br><br>১৩। মুজিব বর্ষকে সামনে রেখে ডিপিডিসিতে গঠিত 'পরিষ্কার-পরিচ্ছন্নতা নিশ্চিতকরণ ও তদারকিকরণ কমিটি' ডিপিডিসি'র আওতাধীন সকল দপ্তরে পরিষ্কার-পরিচ্ছন্নতা নিশ্চিত করার বিষয়ে যাবতীয় কার্যক্রম গ্রহণ এর ব্যাপারে আলোচনা হয়।<br><br>১৪। বস্তি এলাকায় বিদ্যুৎ সংযোগ প্রদান এবং একই সাথে বস্তিবাসীদের ফ্রি অস্থায়ী মেডিক্যাল সুবিধা প্রদানের ব্যাপারে আলোচনা করা হয়।<br><br>১৫। মুজিব বর্ষকে সামনে রেখে CSR কার্যক্রম বাড়ানোর বিষয়ে পদক্ষেপ ও পরিকল্পনা গ্রহণের বিষয় উল্লেখ করা হয়।<br><br>১৬। মুজিব বর্ষ উপলক্ষ্যে ডিপিডিসি'র সকল এমপ্লয়ী দৈনিক ০১ (এক) ঘন্টা করে বেশি কাজ করবে যা সার্কুলারের মাধ্যমে সকলকে জানানো হবে বলে আলোচনা করা হয়। | | |

B

| ক্র নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | দায়িত্ব |
| --- | --- | --- | --- | --- |
| | | ১৭। বাংলাদেশ বিদ্যুৎ সেক্টরে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের অবদান, পরিকল্পনা, মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার বিদ্যুৎ সেক্টরে অবদান এবং ভবিষ্যৎ পরিকল্পনা সেইসাথে বিদ্যুৎ সেক্টরে ডিপিডিসি'র অবদান ইত্যাদি নিয়ে একটি ডকুমেন্টারি ও একটি ক্রোড়পত্র তৈরি এবং তা প্রচারের জন্য **জি.এম (আইসিটি)** এবং **ডিজিএম (পাবলিক রিলেশন্স)** কে পদক্ষেপ গ্রহণের জন্য বলা হয়।<br><br>১৮। গনপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারে বিদ্যুৎ, জালানি ও খনিজ সম্পদ মন্ত্রনালয়ের বিদ্যুৎ বিভাগের স্মারক নং: ২৭.০০.০০০০.০০০.৯৯.০০৮.১৯.৮ তারিখ: ০৭.১১.২০১৯ খ্রি. তারিখের বিদ্যুৎ সেক্টরের সুশাসন নিশ্চিতকরণ সংক্রান্ত নির্দেশনাসমূহ যথাযথ পালনের জন্য পরামর্শ প্রদান করা হয়।<br><br>১৯। ওয়েব সাইটে মুজিব বর্ষ উপলক্ষ্যে গৃহীত সকল কার্যক্রমের তথ্য প্রচার এর বিষয়ে পদক্ষেপ গ্রহণের জন্য বলা হয়।<br><br>২০। ইলেক্ট্রনিক ডিসপ্লে বোর্ড এ মুজিব বর্ষ ও ডিপিডিসি সম্পর্কে প্রচার কার্যক্রম পরিচালনা করা এবং পরিবাগ এর ডিসপ্লে বোর্ড কার্যকরী রাখা বিষয়ে ব্যবস্থা গ্রহণের জন্য ব্যবস্থাপনা পরিচালক মহোদয় **ডিজিএম (পাবলিক রিলেশন্স)** কে পরামর্শ প্রদান করেন।<br><br>২১। পরিষ্কার পরিচ্ছন্নতার অংশরূপে ৩য় তলা টিনশেড অংশের মেরামত/ছাদ প্রয়োজনীয় পুননির্মান এর বিষয়ে এক্সিকিউটিভ ডিরেক্টর (আডমিন এন্ড এইচ.আর) মহোদয় প্রস্তাব করেন।<br><br>**২২**। সভায় উপস্থিত সদস্যগণ তাদের ইনোভেটিভ আইডিয়া প্রস্তাবনা/আলোচনা করেন; সভায় উপস্থাপিত ইনোভেটিভ আইডিয়া সমূহ হলোঃ<br><br>ক) ডিপিডিসিকে একটি নিরাপদ ও পরিবেশ বান্ধব ইউটিলিটিতে রূপান্তর এবং একই সাথে ওভারহেড লাইনসমূহকে আন্ডারগ্রাউন্ড এ স্থাপনের পরিকল্পনার অংশ হিসেবে মুজিব বর্ষ উদযাপন উপলক্ষ্যে ০১ (এক) টি Oil filled pole mounted distribution transformers কে Oil free dry | | |

| ক্র নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | দায়িত্ব |
|---|---|---|---|---|
| | | (cast resign) type flame proof transformer দ্বারা পরিবর্তন করা যেতে পারে বলে জনাব এস.এম. শহীদুল ইসলাম, প্রধান প্রকৌশলী (প্ল্যানিং এন্ড ডিজাইন) প্রস্তাব করেন।<br><br>খ) এ পরিপ্রেক্ষিতে মুজিব বর্ষ (২০২০) কে সামনে রেখে ট্রেইলার মাউন্টেড/ মোবাইল/ মূভেবল ৩৩/১১ কেভি সাব-স্টেশন সংগ্রহ করা যেতে পারে বলেও জনাব এস.এম. শহীদুল ইসলাম, প্রধান প্রকৌশলী (প্ল্যানিং এন্ড ডিজাইন) প্রস্তাব করেন।<br><br>গ) বাসায় অবস্থানকারী মহিলা (**Home Maker**) দের মধ্যে বিদ্যুৎ সংযোগের ক্ষেত্রে নিরাপত্তা, বিদ্যুৎ সাশ্রয় ইত্যাদি সংক্রান্ত সচেতনতা বাড়ানোর জন্য special awareness program এর আয়োজন করার বিষয়ে মিজ নূর কামরুন নাহার, ডিজিএম (এইচ.আর), এমপ্লয়ি রিলেশন্স এন্ড ডিসিপ্লিন প্রস্তাব করেন।<br><br>ঘ) ডিপিডিসি'র এক যুগ (১২ বছর) উদযাপন উপলক্ষ্যে একটি ম্যাগাজিন প্রকাশের ব্যাপারে সভায় আলোচনা করা হয়। সেই সাথে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশত বর্ষ উপলক্ষ্যে একটি ক্রোড়পত্র প্রকাশের বিষয়ে মিজ নূর কামরুন নাহার, ডিজিএম (এইচ.আর), এমপ্লয়ি রিলেশন্স এন্ড ডিসিপ্লিন প্রস্তাব করেন। | | |

অত:পর আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্তি ঘোষণা করা হয়।

২০.১১.২০১৯

বিকাশ দেওয়ান
ব্যবস্থাপনা পরিচালক, ডিপিডিসি।

<u>বিতরণ:</u>

১। এক্সিকিউটিভ ডিরেক্টর (আডমিনিস্ট্রেইশন এন্ড এইচ.আর/ অপারেশন্স/ইঞ্জিনিয়ারিং/ফিন্যান্স), ডিপিডিসি।

২। সকল চীফ ইঞ্জিনিয়ার /সকল জেনারেল ম্যানেজার / কোম্পানি সচিব, ডিপিডিসি।

৩। সিসিও টু ম্যানেজিং ডিরেক্টর/সকল সুপারিনটেন্ডেং ইঞ্জিনিয়ার/সকল পিডি/ সকল ডিজিএম/ সিএমও, ডিপিডিসি।

৪। সকল নির্বাহী প্রকৌশলী, এনওসিএস, ডিপিডিসি।

৫। অফিস কপি/ মাস্টার ফাইল।